গাংনীতে শিশু বলাৎকারের অভিযোগে থানায় মামলা

গাংনী উপজেলা শহরের থানাপাড়া এলাকায় মুরগী ব্যবসায়ী মুরছালিনের বিরুদ্ধে শিশু ছেলেকে বলাৎকারের অভিযোগে মামলা দায়ের করেছে তার পরিবার।

মুরছালিন গাংনী উপজেলা শহরের মাঠপাড়ার মোকাদ্দেস হোসেন ওরফে মকার ছেলে। সে পেশায় মুরগী ব্যবসায়ী। শিশুটির বাড়ি একই পাড়ায়। এঘটনায় শিশুটির মা বাদী হয়ে গাংনী থানায় নারী ও শিশু নির্যাতন আইনে একটি ধর্ষণ মামলা দায়ের করেছেন। যার মামলা নং ১৯, তারিখ ১৪/০৭/২৩ ইং। মামলার পরপরই গা ঢাকা দিয়েছে ওই ধর্ষক।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেছেন।

স্থানীয়রা জানান, গত ৫ জুলাই সকালে শিশুটিকে পাখি ধরার নাম করে তার খেলার সাথি রাহুলকে দিয়ে মুরছালিন ডেকে নিয়ে একটি কলা ক্ষেতের মধ্যে নিয়ে যায়। পরে সেখানেই বলাৎকার করে শিশুটিকে। এসময় রাহুল গোপনে ধর্ষণের চিত্র ভিডিও ধারণ করে। এদিকে ধর্ষণের পরপরই শিশুটি অসুস্থ হয়ে পড়ে। তার মা স্থানীয় ডাক্তারের কাছ থেকে জ্বরের ওষধ কিনে খাওয়ান। পরে রাহুল তার কাছে থাকা ছবি এবং ভিডিও শিশুটির মায়ের কাছে দেই। পরে বিষয়টি ছড়িয়ে পড়লে শুরু হয় স্থানীয় দালালদের অপতৎপরতা।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক বলেন, ঘটনার দিন শিশুটির মা থানায় মামলা দেবে বলে এসেছিলেন। পরে আমার নারী পুলিশ দিয়ে ঘটনার বিবরণ শুনে তাকে মামলা করার জন্য বলি। মামলা লিখেও নেন তিনি। কিন্তু পরে মামলার কাগজপত্রসহ নিয়ে চলে যায়। থানায় আর আসেননি। আজ শুক্রবার আবারও এসেছেন। আমি তার মামলাটি গ্রহণ করেছি। আসামি গ্রেফতারে জোর তৎপরতা চলছে।

শিশুটিকে বৎকারের ভিডিও এবং ছবি ছড়িয়ে পড়লে তাকে গ্রেফতার ও শাস্তির দাবীতে এলাকাবাসি সোচ্ছার হয়ে উঠেছে।

গাংনীতে মারামারি মামলায় গ্রেফতার ৩

গাংনী উপজেলার রংমহল গ্রামে মারামারির ঘটনায় তিন ব্যক্তিকে গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ। গ্রেফতারকৃতরা হলেন, সুন্নত আলী, আনারুল ইসলাম ও ইউসুব আলী।

গত বৃহস্পতিবার দিবাগত রাতে গাংনী থানা পুলিশের একটি টিম অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করেন।

জানা গেছে, মাদক সংক্রান্ত বিরোধের জের ধরে রংমহল গ্রামের আহাম্মদ আলীকে (৩২)কে ওই গ্রামের শরিফুল ইসলামের নেতৃত্বে ১০/১৫ জন মিলে দেশীয় অস্ত্রে সজ্জিত হয়ে গত বৃহস্পতিবার (১৩ জুলাই) বিকালে পিটিয়ে আহত করে। এছাড়া তার হাত ও পা ভেঙ্গে দেই তারা। আহতাবসস্থায় তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করে। সেখানে তার অবস্থার অবনতি হলে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন। আহত আহাম্মদ আলী খাসমহল গ্রামের চান মহাম্মদের ছেলে। তার অবস্থা খারাপ বলে জানান তার পরিবারের লোকজন।

এঘটনায় আহত আহাম্মদ আলীর ভাইস্তে তাজুল ইসলামের ছেলে রুবেল বাদী হয়ে এজাহার নামীয় ১৫ জন ও অজ্ঞাতনামা আরও ৫/৬ জনকে আসামি করে একটি মামলা দায়ের করেন যার মামলা নং ১৮, তারিখ ১৩ জুলাই ২০২৩ ইং।

ধারা ১৮৬০ এর ১১৪/১৪৩/৩৪১/৩২৩/৩২৪/৩২৫/৩২৬/৩০৭/৩৭৯/৪২৭/৫০৬ পেনাল কোড।

মেহেরপুরে হুসাইন মুহাম্মদ এরশাদের মৃত্যুবার্ষিকী পালিত

জাতীয় পার্টির প্রতিষ্ঠাতা ও সাবেক রাষ্ট্রপতি হুসাইন মুহাম্মদ এরশাদের চতুর্থ মৃত্যুবার্ষিকী উপলক্ষে মেহেরপুরে আলোচনা সভা ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

১৪ জুলাই শুক্রবার বিকাল পাঁচটায় মেহেরপুর পুরাতন বাস টার্মিনাল এলাকার দলীয় কার্যালয়ে মেহেরপুর জেলা জাতীয় পার্টির আয়োজনে এই আলোচনা সভা ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়।

আব্দুল মান্নানের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা জাতীয় পার্টির আহ্বায়ক আব্দুল হামিদ।

এছাড়া আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে সদর উপজেলা জাতীয় পার্টির আহবায়ক কুতুব উদ্দিন, আব্দুল লতিফ, মামলত হোসেন, আখতারুল ইসলাম, সিরাজুল ইসলাম, নজরুল ইসলাম প্রমুখ। এ সময় জেলা জাতীয় পার্টির বিভিন্ন ইউনিটের কর্মীগণ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে মোনাখালী ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

মুজিবনগরে মোনাখালী ফুটবল টুর্নামেন্ট-২০২৩ এর শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার বিকেলে শহীদ ওলিউল বারী আনসার ক্লাব ও মোনাখালী গ্রামবাসির আয়োজনে, মোনাখালী ফুটবল খেলার মাঠে উদ্বোধনী অনুষ্ঠানে মোনাখালি ইউনিয়ন যুবলীগের সভাপতি আব্দুল খালেকের সঞ্চালনায়, মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মফিজুর রহমানের সভাপতিত্বে, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেস বিশ্বাস প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই ফুটবল টুর্নামেন্টের শুভ উদ্বোধন করেন।

এ সময় উপস্থিত ছিলেন মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি) মেহেদী রাসেল, উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ,বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন, বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মুজিবুর রহমান মধু, উপজেলা কৃষকলীগের সভাপতি জাহিদ হাসান রাজিব, সাধারণ সম্পাদক শাহিনুর রহমান মানিক, মোনাখালী ইউনিয়ন পরিষদের এক নম্বর ওয়ার্ড সদস্য হাবিবুর রহমান হাবিবসহ টুর্নামেন্ট আয়োজক কমিটির সদস্যবৃন্দ।

মোনাখালী ফুটবল টুর্নামেন্ট -২০২৩ নকআউট শুক্রবার টুর্নামেন্টে ৩২ টি দল অংশগ্রহণ করছে। টুর্নামেন্টের বিজয়ী দলকে পুরস্কার হিসেবে ১ লক্ষ টাকা এবং রানার আপ দলকে পুরস্কার হিসেবে ৬০ হাজার টাকা প্রদান করা হবে।

উদ্বোধনী খেলায় একদিকে অংশগ্রহণ করে যতারপুর ফ্রেন্ডস ক্লাব এবং রাজনগর একাদশ বৃষ্টি বিঘ্নিত উদ্বোধনী খেলায় যাতারপুর ফ্রেন্ডস ক্লাব ২-০ গোলে রাজনগর একাদশকে পরাজিত করে।

মেহেরপুরে হুসাইন মুহাম্মদ এরশাদের ৪র্থ তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে দোয়া মাহফিল

জাতীয় পার্টির প্রতিষ্ঠাতা চেয়ারম্যান মরহুম হুসাইন মুহাম্মদ এরশাদের ৪র্থ তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

শুক্রবার বিকেলে মেহেরপুর জেলা জাতীয় পার্টির প্রধান কার্যালয় কাথুলি বাসস্ট্যান্ডে হুসাইন মুহাম্মদ এরশাদের ৪র্থ তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

মেহেরপুর পৌর জাতীয় পার্টি সাধারণ সম্পাদক হামিদুল ইসলাম এর সঞ্চালনায় মেহেরপুর জেলা জাতীয় পার্টি যুগ্ন আহবায়ক আব্দুল হাদীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় মৎস্যজীবী পার্টি যুগ্ম সম্পাদক আব্দুল বাকি।

প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা জাতীয় পার্টির সভাপতি সুমন পারভেজ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা জাতীয় পার্টির সভাপতি খেলাফত আলী, সদর উপজেলা জাতীয় পার্টি সাংগঠনিক সম্পাদক মোঃ খাইরুল বাশার মিঠু, জাতীয় ছাত্র সমাজ মেহেরপুর জেলার সভাপতি মেহেরপুর জেলার সভাপতি রনি হোসেন, জাতীয় যুব সংহতি মেহেরপুর জেলার সভাপতি মাহমুদুল হাসান, শ্যামপুর ইউনিয়ন জাতীয় পার্টির সাধারণ সম্পাদক মোঃ রাহিন আলী, মইনুল ইসলাম, মোঃ সোহেল, মো: ডালিম সহ বিভিন্ন নেতাকর্মী উপস্থিত ছিল।

এ সময় জাতীয় পার্টির প্রতিষ্ঠাতা চেয়ারম্যান মরহুম হুসেইন মুহম্মদ এরশাদের ৪র্থ তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে দোয়া ও মোনাজাত করা হয়।

গাংনীতে মাধ্যমিক শিক্ষক ও কর্মচারী কল্যাণ সমিতির সংবাদ সম্মেলন

মেহেরপুরের গাংনীতে উপজেলা মাধ্যমিক শিক্ষক ও কর্মচারী কল্যাণ সমিতির নিজস্ব ভবন ও জায়গা ভূমি দুস্যদের দ্বারা দখলের অপচেষ্টার প্রতিবাদে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার গাংনী উপজেলা চত্বরের শহীদ মিনারে উপজেলা মাধ্যমিক শিক্ষক ও কর্মচারী কল্যাণ সমিতির নেতৃবৃন্দরা এ সংবাদ সম্মেলনের আয়োজন করেন।

সংবাদ সম্মেলনে গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষক ও কর্মচারী কল্যাণ

সমিতির সাধারণ সম্পাদক এবং হিজলবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান, গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আফজাল হোসেন, করমদি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আলম হুসাইন সহ বেশ কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক, সহকারী প্রধান শিক্ষক, শিক্ষক ও কর্মচারীরা উপস্থিত ছিলেন।

অভিযোগ তুলে সংবাদ সম্মেলনে গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষক ও কর্মচারী কল্যাণ সমিতির সাধারণ সম্পাদক এবং হিজলবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান বলেন, গাংনী পৌরসভার ১নং ওয়ার্ড বাঁশবাড়ীয়া গ্রামে উপজেলা মাধ্যমিক শিক্ষক ও কর্মচারী কল্যাণ সমিতির নিজস্ব জমি ও স্হায়ী ভবন রয়েছে; যেখানে একটি হলরুম ও দুটি পাশাপাশি রুম রয়েছে। সীমানা প্রাচীর দিয়েও আমাদের শিক্ষক ও কর্মচারীদের সেই সম্পদ ২৭ বছর ধরে ঘেরা রয়েছে।

দীর্ঘদিন আগে ১৯৯৭ সালে এই জমিটি বিক্রয় কবলা সূত্রে ইব্রাহিম মন্ডলের কাছ থেকে ল উপজেলা মাধ্যমিক শিক্ষক ও কর্মচারী কল্যাণ সমিতি ক্রয় করে। এই জমির প্রথম মালিক হাবিবুর রহমান জমিটি বিক্রি করেন মহসিন আলীর কাছে; মহসিন আলী বিক্রি করে নুরুল হুদার কাছে। নুরুল হুদা বিক্রি করে ইব্রাহিম মন্ডলের কাছে; পরে ইব্রাহিম মন্ডলের কাছ থেকে আমরা জমিটি ক্রয় করি। ১৯৯৭ সাল থেকে জমিটি আমাদের আয়ত্তে রয়েছে এবং এখান থেকেই আমরা আমাদের সমস্ত কার্যক্রম পরিচালনা করি। কিন্তু হঠাৎ করেই চলতি মাসের গত ৪ তারিখে কিছু ভূমি দুস্যদের দ্বারা জায়গাটি দখল হয়। আমরা বিষয়টি গাংনী থানার ওসিকে অবগত করেছি এবং আমাদের সমস্ত দলিল ও কাগজপত্র দেখিয়েছি।

আগামী সোমবার পর্যন্ত আমাদের শিক্ষক ও কর্মচারীর সম্পদ ভূমি দুস্যদের কাছ থেকে দখল মুক্ত না হলে আমরা সবাই কঠোর আন্দোলন নিয়ে মাঠে নামবো।

মেহেরপুর স্বেচ্ছাসেবক লীগের

সভাপতি সোবহান, সম্পাদক লিজন

আরিফুল ইসলাম সোবহানকে সভাপতি ও বারিকুল ইসলাম লিজনকে সাধারণ সম্পাদক ঘোষণা করে মেহেরপুর জেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের ৩৪ সদস্য বিশিষ্ট আংশিক কমিটির অনুমোদন দেয়া হয়েছে।

১০ জুলাই মেহেরপুরে আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের ত্রিবার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হলেও ১৩ জুলাই বৃহস্পতিবার সন্ধ্যায় বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবক লীগ কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের প্যাডে দলটির ভারপ্রাপ্ত সভাপতি গাজী মেজবাউল হোসেন সাচ্চু এবং সাধারণ সম্পাদক আফজালুর রহমান বাবুর স্বাক্ষরিত চিঠিতে মেহেরপুর আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের ৩৪ সদস্যের আংশিক কমিটির অনুমোদন দেয়া হয় একই সাথে এই কমিটির সদস্যদের ৩০ সেপ্টেম্বর ২০২৩ এর মধ্যে কমিটি পূর্ণাঙ্গ করে কেন্দ্রীয় দপ্তরে জমা দেয়ার নির্দেশ প্রদান করা হয়।

কমিটির অন্য সদস্যরা হলেন সহ-সভাপতি যথাক্রমে সোয়েব রহমান, জশিউর রহমান বকুল, আব্দুস সামাদ সোহাগ, নিশান সাবের, কামাল হোসেন জুয়েল, দেলোয়ার হোসেন মিঠু, তারিফুল ইসলাম জীবন, আশিকুর রহমান, সায়েক রহমান শিশির, আলাউদ্দিন এবং মো: মাসুদ, যুগ্ম সাধারণ সম্পাদক জুয়েল রানা, সাংগঠনিক সম্পাদক উসাইদ আল, সাংগঠনিক সম্পাদক শফিকুল ইসলাম পলাশ, গ্রন্থনা ও প্রকাশনা সম্পাদক মোঃ আরিফুর রহমান পারভেজ, আইন বিষয়ক সম্পাদক মোঃ আবুল কালাম আজাদ, স্বাস্থ্য ও জনসংখ্যা বিষয়ক সম্পাদক ডাঃ মামুন, সমাজকল্যাণ বিষয়ক সম্পাদক মোঃ রবিউল ইসলাম, ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক সম্পাদক মোঃ আলাউদ্দিন, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শরীফ রেজা পান্না, সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক সম্পাদক মোঃ শফিকুল ইসলাম, কৃষি বিষয়ক সম্পাদক মোঃ সুজন, মহিলা বিষয়ক সম্পাদক মোছাঃ নাসিমা খাতুন, যুব ও ক্রীড়া বিষয়ক সম্পাদক মোঃ জব্বার, তথ্য ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক আতিক স্বপন, প্রতিবন্ধী উন্নয়ন বিষয়ক সম্পাদক মোঃ হাফিজুর রহমান।

এছাড়া সদস্য হিসেবে পদ পেয়েছেন মো: আল-ফারুক, মো: মাহাফুজুর রহমান রিন্টু, মো: আরিফুর রহমান, মো: সেন্টু বাবু, সুজন আহমেদ এবং আনোয়ার হোসেন।

উল্লেখ্য, ১০ জুলাই সোমবার মেহেরপুরে শহীদ শামসুজ্জোহা পার্কে

মেহেরপুর জেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের ত্রিবার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়।

সেই কামরুজ্জামানের বিরুদ্ধে এবার গ্রেফতারি পরোয়ানা

সেই মীর কামরুজ্জামানের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেছেন মেহেরপুর সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট মো: তরিকুল ইসলাম।

আজ বৃহস্পতিবার (১৩ জুলাই) দুপুরের দিকে তার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেন তিনি। আদালতে হাজির না হওয়ায় এই গ্রেফতারি পরোয়ানা জারি করে আদালত।

এর আগে প্রতারক কামরুজ্জামানের নানা অপকর্ম নিয়ে মেহেরপুর প্রতিদিনে একাধিক সংবাদ প্রকাশ হয়েছিল।

এর আগে অবৈধভাবে নেওয়া জমি ফেরৎ দেন দুই প্রতিবেশীকে। সম্প্রতি গাংনী উপজেলার সহকারী কমিশনার (ভূমি) নাজমুল আলম দুই পক্ষের উপস্থিতিতে শুনানী শেষে এ আদেশ দেন।

এসময় মীর কামরুজ্জামানের খারিজ বাতিল করে অভিযোগকারী তেরাইল গ্রামের কালুর স্ত্রী রোজিফা খাতুন, রবকুল শাহ্ এর স্ত্রী মারজিয়া খাতুনের জমির খারিজ তাদের বুঝিয়ে দেন।

শুনানী থেকে জানা গেছে, গাংনী উপজেলাধীন ৪১নং তেরাইল মৌজার ১নং খতিয়ান ভুক্ত ৪৪৫১দাগের খাস ১০শতক এর মধ্যে ০৪শতক জমি বানুয়ারা ও মান্নান কে বন্ধোবস্থ কেস নং ১৪২/১২/২০০৪-০৫ ও উপজেলা বন্দোবস্ত কেস নং◌ঃ৫০/১২/২০০৪-০৫ ভূমিহীন হিসাবে ৮৫৮৩নং দলিল মুলে বন্দোবস্ত দেয় সরকার। গত ১৬/০৩/০৬ ইং তারিখে ৯১/পি-২/২০০৫-০৬ নাম জারি করে বসবাস করে আসছে বানুয়ারা।

কিন্তুু প্রতারক মীর কামরুজ্জামান লেলিনসহ তার পরিবারের লোকজন ১৫৩/২০০৫নং মামলা করে মেহেরপুর সহকারী জজ আদালতে এবং আদালত বানুয়ারার পক্ষে রায়ও প্রদান করেন। কিন্তু রায়ের বিরুদ্ধে জেলা

জজ আদালতে আপিল করে কামরুজ্জামান, যা বিচারাধীন রয়েছে। এ অবস্থায় মীর কামরুজ্জামান লেলিন ভূয়া জমির কাগজ সৃষ্টি করে ২০১৪ সালে নাম জারি করেন। যার নং ২৯/৯-পি-০১/২০১৪-১৫।

২০০৪ সালে ভুয়া ভূমিহীন দেখিয়ে ১নম্বর খতিয়ানের ৪৪৫১ দাগের খাস ১০ শতক জমি সরকারের কাছ থেকে বন্দোবস্ত নেন মীর কামরুজ্জামান লেলিনের বাবা মীর লুৎফুর রহমান পরবর্তী ২০০৫ সালে সরকার সে বন্দোবস্ত বাতিল করে দেন।

তাই খারিজ জালিয়াতির ক্ষেত্রে আশ্রয় নেন এই সব প্রতারণার ১৯৯৫ সালের কামরুজ্জামানের বাবা লুৎফর রহমানের ভুয়া খারিজের কপি যার নম্বর ৯৭৩ /১পি-১ম/১৯৯৫-১৯৯৬ হোল্ডিং নম্বর ২৫৮৭ দাগ ৪৪৫১ দেখিয়ে ২০১৪ সালে নিজ নামে খারিজ করেন কামরুজ্জামান লেলিন।

তবে, ইউনিয়ন ভূমি অফিস এবং উপজেলা ভূমি অফিসের ঐ ২৫৮৭ হোল্ডিং এ দেখা যায় ওই নামজারিটি মুশফিকুর রহমান, পিতার রুহুল আমিন, সাং: বাদিয়াপাড়া, গাংনী, মেহেরপুর নাম আছে। ঐ নামের স্থলে মীর কামরুজ্জামান তার বাবার নাম মীর মীর লুৎফর রহমান জালিয়াতি করে বসিয়ে দেন।

এছাড়া কামরুজ্জামানের তার বাবা মৃত মীর লুৎফর রহমান খারিজ টি অন্য আরেক জনের খারিজ দেখিয়ে করেছে যার নাম ছলিম উদ্দিন শেখ পিতা: পালান শেখ স্ং◌া নিজ, খতিয়ান ১০১১ দাগ ৪৪৫১।

ইউনিয়ন ভূমি অফিস ও উপজেলা ভূমি অফিসের ভলিউমের ১০১১ খতিয়ানে গেলে দেখা যায় ছলিম উদ্দিন শেখ পিতা পালান শেখ তার দাগ নম্বর ২৬৯৬ এখানেও দাগ নম্বর ২৬৯৬ এর জায়গায় জালিয়াতি করে ৪৪৫১ বসিয়ে দেওয়া হয়।

গাংনী উপজেলার সহকারী কমিশনার (ভূমি) অফিস সূত্র জানান, তিন জন ভুক্তভোগীর লিখিত অভিযোগের পরিপ্রেক্ষিতে বৃহস্পতিবার দু’পক্ষের কাগজপত্র যাচাই বাছাই করা হয়। এসময় রুজিফা খাতুন ও মারজিয়া খাতুনের ৪৪৪৮ ও ৪৪৪৯ দাগের ২টি জমির খারিজ বহাল রেখে মীর কামরুজ্জামানের খারিজ বাতিল করা হলো।

এবং বানুয়ারা খাতুনের ৪৪৫১ দাগের জমিটি খারিজের ক্ষেত্রে বড় জালিয়াতি দেখা যাচ্ছে। আগামী ২১ তারিখ শুনানি শেষে এ জালিয়াতি সত্যতা পেলে মীর কামরুজ্জামান লেনিনের বিরুদ্ধে উপজেলা ভূমি অফিস আদালতে জালিয়াতি মামলা দায়ের করবে ।

উল্লেখ্য, এর আগে মেহেরপুর প্রতিদিন পত্রিকায় মীর কামরুজ্জামানের প্রতারণার বিষয়ে প্রতিবেদন প্রকাশিত হলে মেহেরপুর আমলী আদালতের সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এস, এম, শরিয়ত উল্লাহ্ স্বপ্রণোদিত হয়ে তার বিরুদ্ধে মামলা দায়ের করেন এবং পিবিআই কে তদন্তের নির্দেশ প্রদান করেন। মামলাটি তদন্ত শেষে আদালতে প্রতিবেদন জমা দেন তদন্তকারী কর্মকর্তা।

মেহেরপুরে সাংবাদিক কন্যা বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ রচনা প্রতিযোগীতায় প্রথম

মেহেরপুর সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের উদ্যোগে বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতার গ-গ্রুপ রচনা প্রতিযোগীতায় সাংবাদিক কন্যা তাসনিম রহমান তাসিন প্রথম স্থান অধিকার করেছে। সে মেহেরপুরের সাংবাদিক ডিএম মুকিদের কন্যা ও মেহেরপুর ছহিউদ্দীন ডিগ্রী কলেজের একাদশ শ্রেনীর ছাত্রী।

আজ বৃহস্পতিবার সকালে সদর উপজেলা পরিষদ মিলনায়তনে উপজেলা পর্যায়ে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। সদর উপজেলা ভাইস চেয়ারম্যান আবুল হাশেমের সভাপতিত্বে অনুষ্ঠিত পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম।অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মনিরুল ইসলাম।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর রফিকুল ইসলাম, আর আর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোহাম্মদ আশরাফুজ্জামান, মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের ছাত্রী তানজিমা তাসনিম মোহনা।

বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতার বিভিন্ন বিষয়ে

বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

গাংনীতে বিশ্ব টিকাদান সপ্তাহ ২০২৩ উপলক্ষে এ্যাডভোকেসী সভা

গাংনীতে বিশ্ব টিকাদান সপ্তাহ ২০২৩ উপলক্ষে বৃহস্পতিবার দুপুরে এ্যাডভোকেসী সভা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়েছে।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাক্তার সুপ্রভা রানীর সভাপতিত্বে অনুষ্ঠিত এ্যাডভোকেসী সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু।

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আরএমও ডাক্তার আব্দুল্লাহ আল মারুফের সঞ্চালনায় এ্যাডভোকেসী সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন উপজেলা কৃষি কর্মকর্তা ইমরান হোসেন, উপজেলা জনস্বাস্থ্য অধিদপ্তরের সহকারি কর্মকর্তা মাহফুজুর রহমান কল্লোল।

এসময় স্বাস্থ্য বিভাগের কর্মকর্তা, কর্মচারি, সুশীল সমাজের প্রতিনিধি ও স্থানীয় সাংবাদিকরা উপস্থিত ছিলেন।